দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 MAY 2015
পৃষ্ঠা ... কলাম ...



বদরগঞ্জ (রংপুর): স্কুল কক্ষে ফাটল ও ঝড়ে চাল উড়ে যাওয়ায় শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে ক্লাস করছে -ইত্তেফাক

# ঝড়ে বিধ্বস্ত বদরগঞ্জে চেংমারি স্কুল আজও মেরামত হয়নি

বদরগঞ্জ (রংপুর) সংবাদদাতা

বদরগঞ্জ উপজেলার চেংমারি উচ্চ বিদ্যালয়ের দেড় শতাধিক শিক্ষার্থী খোলা আকাশের নিচে ক্লাস করছে। গত ২১ এপ্রিল রাতে কাল বৈশাখীর ঝড়ে বিদ্যালয়ের ছয়টি আধাপাকা শ্রেণিকক্ষের টিন উড়ে যাওয়ায় এবং তিনটি কক্ষে ফাটল দেখা দেয়। তাই দুর্ঘটনা এড়াতে শিক্ষকরা ষষ্ঠ ও অষ্টম শ্রেণির দেড় শতাধিক শিক্ষার্থীর ক্লাস নিচ্ছেন খোলা আকাশের নিচে।

১৯৯৪ সালে বিদ্যালয়টি স্থাপিত হয়। বিদ্যালয়ে ১৩টি আধাপাকা কক্ষ রয়েছে। এর মধ্যে দু'টি অফিস কক্ষ, একটি কমনরুম, ১০টি শ্রেণিকক্ষ। সেখানে বর্তমান বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা ৪শ' জন। ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী সুমি আক্তার, তৃপ্তি খাতুন, মামুন মিয়া জানায়, ফাঁকা জায়গায় ক্লাস করতে মন বসছে না। এভাবে কতদিন ক্লাস করতে হবে জানি না।

সহকারী শিক্ষক মানিক মিয়া বলেন, শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে ক্লাস নিতে কষ্ট হচ্ছে। কিন্তু কোন উপায় না থাকায় এখানে ক্লাস নিচ্ছি। এভাবে ক্লাস নিতে নিজের কাছেও খারাপ লাগছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসিনুজ্জামান জানান, ২১ এপ্রিল রাতের কাল বৈশাখীর ঝড়ে বিদ্যালয়ের ছয়টি কক্ষের টিন উড়ে গেছে। আধাপাকা কক্ষে দেখা দিয়েছে ফাটল। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শহীদুল হক বলেন, বিষয়টি লিখিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।